সেট খ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

বিষয় কোড : ১৪৬

অর্ধ-বার্ষিক পরীক্ষা -২০১৮

নবম শ্রেণি

বিষয়: হিসাববিজ্ঞান (বহুনির্বাচনি)

সময় : ৩০ মিনিট

পূর্ণমান : ৩০

[বি: দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক এবং সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

১। হিসাববিজ্ঞানের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে ?

ক) পাওনাদার খ) কর্মচারী

গ) সরকার ঘ) ব্যবস্থাপক

২। লেনদেন শব্দটির আভিধানিক অর্থ কী ?

ক) গ্রহণ বা প্রদান খ) দেওয়া বা নেওয়া

গ) আমদানি ও রপ্তানি ঘ) গ্রহণ ও প্রদান

৩। নিচের কোনটি হিসাব সমীকরণের বর্ধিত রূপ ?

ক) A=L+(C-R+E-D) খ) E=A+(C+R-D)

গ) A= L+(C+R-E-D) ঘ) L+(C+R-E+D)

৪। নিচের কোন হিসাবটি মালিকানা স্বত্বকে প্রভাবিত করে ?

ক) পাওনাদার খ) দেনাদার

গ) ব্যাংক ঘ) বিক্রয়

৫। নিচের কোনটি মূলধন জাতীয় ব্যয় ?

ক) পণ্য ক্রয় খ) মাল বিক্রয়

গ) মনিহারি ক্রয় ঘ) আসবাবপত্র ক্রয়

৬। প্রত্যেক ব্যবসায়ীকে নির্দিষ্ট সময় শেষে জানতে হয়-

i. ব্যবসায়ের লাভ লোকসান সম্পর্কে

ii. ব্যবসায়ের আর্থিক অবস্থা সম্পর্কে

iii. ব্যবসায়ের সুনাম সম্পর্কে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭। অফিসের জন্য একটি স্ট্যাপলার ক্রয় করলে কোন হিসাবে অন্তর্ভুক্ত হবে?

ক) ক্রয় খ) স্ট্যাপলার

গ) অফিস সরঞ্জাম ঘ) অফিস সাপপ্লাইজ

৮। আগুনে বিনষ্ট পণ্য কোন হিসাবের অন্তর্গত হবে ?

ক) সম্পদ খ) আয়

গ) ব্যয় ঘ) মূলধন

৯। নিচের কোনটি হিসাবের প্রাথমিক বই ?

ক) জাবেদা খ) খতিয়ান

গ) রেওয়ামিল ঘ) আর্থিক বিবরণী

১০। কোন জাবেদার মাধ্যমে আয়-ব্যয় হিসাব বন্ধ করা হয়?

ক) সমন্বয় খ) সমাপনী

গ) অন্যান্য ঘ) প্রারম্ভিক

১১। সভ্যতার সূচনালগ্নে মানুষ হিসাব রাখত কীভাবে?

ক) ঘরে দাগ কেটে খ) পাথরে চিহ্ন দিয়ে

গ) মাটির দেওয়ালে রং দিয়ে ঘ) রশিতে গিঁট দিয়ে

১২। সমন্বয় দাখিলা প্রদান করা হয়-

i. প্রাপ্য আয় সমন্বয় করতে

ii. অগ্রিম খরচ সমন্বয় করতে

iii. অনুপার্জিত আয় সমন্বয় করতে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩। ব্যয় নিয়ন্ত্রণের জন্য কোনটি খুব জরুরি?

ক) সম্পদের পরিমাণ নির্ণয় করা

খ) সঠিকভাবে ব্যয়সমূহ হিসাবভুক্ত করা

গ) দায় সমূহ হিসাবভুক্ত করা

ঘ) সঠিকভাবে আয়সমূহ হিসাবভুক্ত করা

১৪। হিসাববিজ্ঞানের অন্যতম প্রধান উদ্দেশ্য কী?

ক) ব্যয় নিয়ন্ত্রণ খ) জালিয়াতি প্রতিরোধ

গ) আর্থিক অবস্থা নিরূপণ ঘ) আর্থিক বিবরণী বিশ্লেষণ

১৫। কারবার থেকে পণ্য উত্তোলন করলে- কোন হিসাবখাতটি ক্রেডিট হবে?

ক) নগদান হিসাব খ) উত্তোলন হিসাব

গ) ক্রয় হিসাব ঘ) পণ্য হিসাব

নিচের উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও-

জনাব রহমান বিক্রয়ের উদ্দেশ্যে ৩৫,,০০০ টাকা দিয়ে একটি কম্পিউটার ক্রয় করেন।

১৬। কম্পিউটার ক্রয়ের জন্য কোন হিসাবখাতটি ডেবিট হবে ?

ক) ক্রয় হিসাব খ) বিক্রয় হিসাব

গ) নগদান হিসাব ঘ) অফিস সরঞ্জাম হিসাব

১৭। উদ্দীপকের লেনদেনটি হিসাব সমীকরণের কোন কোন উপাদানকে প্রভাবিত করেছে ?

ক) সম্পদ ও দায় খ) আয় ও ব্যয়

গ) ব্যয় ও সম্পদ ঘ) আয় ও দায়

১৮। মূলধন জাতীয় প্রাপ্তি এবং মূলধন জাতীয় ব্যয়ের ভিত্তিতে কোন বিবরণীটি প্রস্তুত করা হয় ?

ক) নগদ প্রবাহ খ) বিশদ আয়

গ) উৎপাদন ব্যয় ঘ) আর্থিক অবস্থা

১৯। চেকে আয়কর প্রদান ৫,০০০ টাকা- কোন হিসাবখাতটি ডেবিট হবে?

ক) আয়কর খ) উত্তোলন

গ) নগদান ঘ) ব্যাংক

২০। হিসাবরক্ষণে কোনটি সংরক্ষণ বাধ্যতামূলক?

ক) জাবেদা খ) খতিয়ান

গ) রেওয়ামিল ঘ) কার্যপত্র

২১। বাকিতে পণ্য ক্রয়ের মাধ্যমে-

i. সম্পদ বৃদ্ধি পায়

ii. ব্যয় বৃদ্ধি পায়

iii. দায় বৃদ্ধি পায়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২। বিজ্ঞাপনের জন্য অত্যাধিক ব্যয় কোন জাতীয় লেনদেন?

ক) মুনাফা জাতীয় খ) মূলধন জাতীয়

গ) বিলম্বিত মুনাফা জাতীয় ঘ) মূলধন জাতীয় প্রাপ্তি

২৩। বিজ্ঞাপন ব্যয়ের চলতি হিসাবকালের অংশকে কী বলা হয়?

ক) মুনাফা জাতীয় ব্যয় খ) মূলধন জাতীয় ব্যয়

গ) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় ঘ) অগ্রিম ব্যয়

২৪। প্রতিটি লেনদেনের ক্ষেত্রে প্রয়োজ্য-

i. স্বয়ংসম্পূর্ণতা ii. স্বতন্ত্রতা iii. নির্ভরশীলতা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫। হ্রাস পেলে ডেবিট হয়-

i. মালিকানা স্বত্ব ii. দায় iii. আয়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬। মেশিন পুরানো হয়ে যাওয়ার ফলে ১০,০০০ টাকা মূল্যের নতুন যন্ত্রাংশ সংযোজন করলে কোন হিসাবে অন্তর্ভুক্ত হবে ?

ক) মুনাফা জাতীয় ব্যয় খ) মূলধন জাতীয় ব্যয়

গ) মূলধন জাতীয় প্রাপ্তি ঘ) মুনাফা জাতীয় প্রাপ্তি

নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও-

মুক্তা ৫/২০, নিট ৩০ শর্তে রিক্তার নিকট ১০% কারবারি বাট্টায় ২০,০০০ টাকার পণ্য বিক্রয় করে।

২৭। ৩০ দিনের মধ্যে পরিশোধ করলে রিক্তাকে কত টাকা দিতে হবে?

ক) ১৭,১০০ খ) ১৮,০০০

গ) ২০,০০০ ঘ) ২১,০০০

২৮। ২০ দিনের মধ্যে প্রদেয় অর্থ প্রদান করলে রিক্তা কত টাকা নগদ বাট্টা পাবে ?

ক) ৯০০ খ) ১,০০০

গ) ৩,৬০০ ঘ) ৪,০০০

২৯। হিসাব সংরক্ষণের ধারাবাহিক আবর্তনকে কী বলে ?

ক) হিসাব মূল্যায়ন খ) হিসাব ব্যবস্থা

গ) হিসাব চক্র ঘ) হিসাব বিশ্লেষণ

৩০। ক্রেডিট ব্যালেন্স সাধারণত কী নির্দেশ করে ?

ক) সম্পদ ও খরচ খ) আয় ও ব্যয়

গ) সম্পদ ও দায় ঘ) আয় ও দায়

সেট খ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

বিষয় কোড : ১৪৬

অর্ধ-বার্ষিক পরীক্ষা -২০১৮

নবম শ্রেণি

বিষয়: হিসাববিজ্ঞান (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

[ক বিভাগের ২টি প্রশ্নসহ মোট যেকোন ৭টি প্রশ্নের উত্তর দাও।]

ক-বিভাগ (আবশ্যিক)

১। অর্নি ট্রেডার্সের প্রতিষ্ঠানে ২০১৮ সালের মার্চ মাসে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয়েছিল-

মার্চ ১ নগদ ৭৫,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করা হলো।
" ৫ ধারে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।
" ১০ কর্মচারী রতনকে বেতন প্রদান ৫,০০০ টাকা।
" ১৫ পণ্য ক্রয়ের জন্য ১০,০০০ টাকার ফরমায়েশ পাঠানো হলো।
" ২০ আয়কর প্রদান করা হলো ২,০০০ টাকা।

ক) অর্নি ট্রেডার্সের মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় কর। ২
খ) উপর্যুক্ত তথ্যের আলোকে লেনদেনগুলো হিসাব সমীকরণের সাহায্যে কারণসহ ব্যাখ্যা কর। ৪
গ) বিবরণী ছকে উপর্যুক্ত লেনদেনগুলোর উপর হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

২। জনাব হাসান ২০১৮ সালের ১ জুন তারিখে নগদ ৮৫,০০০ টাকা; ১৫,০০০ টাকার পণ্য এবং ১০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করলেন।

জুন ৩ ১০% বাট্টায় ২০,০০০ টাকার পণ্য ধারে ক্রয়।
" ৮ ২০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ১৫,০০০ টাকা নগদে পাওয়া গেল।
" ১৫ প্রচার কার্যে ব্যয় করা হলো ৫,০০০ টাকা।
" ২০ রহমানের ২৫,০০০ টাকা পাওনা চেকে পরিশোধ করা হলো।

ক) জনাব হাসানের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ) ৩ থেকে ২০ তারিখ পর্যন্ত লেনদেনগুলো দ্বারা হিসাবের শ্রেণিবিভাগ কারণসহ ছকের মাধ্যমে দেখাও। ৪
গ) ১ থেকে ১৫ তারিখ পর্যন্ত লেনদেনগুলো জনাব হাসানের জাবেদা বইতে লিপিবদ্ধ কর। ৪

খ-বিভাগ

৩। মারইয়াম ট্রেডার্স ২০১৮ সালের মার্চ মাসে মাসুদ ট্রেডার্সের নিকট নিম্নোক্ত পণ্য বিক্রয় করেন-

মার্চ ১ নগদে ৬০ টাকা দরে ১২৫ কেজি চিনি বিক্রয়।
" ৭ ৫৫ টাকা দরে ৫৬ কেজি চাউল বিক্রয়।
" ১৫ ১০০ টাকা দরে ৩৫ কেজি মসুর ডাল বিক্রয়।

মারইয়াম ট্রেডার্স মোট বিক্রয়ের উপর ৫% কারবারি বাট্টা মঞ্জুর করেন।

ক) মারইয়াম ট্রেডার্সের মোট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ) ১ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ক্রেডিট ভাউচার প্রস্তুত কর। ৪
গ) ১৫ তারিখের লেনদেনের সাহায্যে একটি চালান প্রস্তুত কর। ৪

৪। ২০১৮ সালের ফেব্রুয়ারি মাসে কামাল ট্রেডার্সের ব্যবসায়ে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয়-

ফেব্রুয়ারি ০১ নগদে পণ্য ক্রয় ৬০,০০০ টাকা।
" ১২ অফিসের জন্য আসবাবপত্র ক্রয় ২৬,৫০০ টাকা।
" ২৩ অনিকের নিকট পণ্য বিক্রয় ১,২৫,০০০ টাকা।
" ২৪ অফিস ভাড়া প্রদান ১৫,০০০ টাকা।
" ২৬ ব্যাংকে জমা দেওয়া হলো ৩২,০০০ টাকা।
" ২৮ ধারে পণ্য ক্রয় ২৮,০০০ টাকা।

ক) ফেব্রুয়ারি মাসে তার মোট ক্রয়ের পরিমাণ কত নির্ণয় কর। ২
খ) নগদ লেনদেনগুলোর ডেবিট ক্রেডিট নির্ণয় কর। ৪
গ) কামাল ট্রেডার্সের লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণের মাধ্যমে দেখাও যে, $A = L + E$ । ৪

৫। জনাব রাহাত একজন কাপড় ব্যবসায়ী। ২০১৭ সালের ডিসেম্বর মাসে তার ব্যবসায়ে নিচের লেনদেনগুলো সংঘটিত হয়েছিল-

ডিসেম্বর ১ ব্যবসায়ে নগদ ১,০০,০০০ টাকা মূলধন স্বরূপ আনা হলো।
" ৩ ব্যাংক থেকে ঋণ গ্রহণ ২৮,০০০ টাকা।
" ১২ ৪৫,০০০ টাকার কাপড় ক্রয় করা হলো।
" ২৪ নগদে কমিশন প্রাপ্তি ৫,০০০ টাকা।
" ৩০ কর্মচারি রানাকে বেতন প্রদান ১০,০০০ টাকা।

ক) ডিসেম্বর মাসে মোট নগদ প্রদানের পরিমাণ কত ? ২
খ) উপর্যুক্ত লেনদেনগুলোর সংশ্লিষ্ট হিসাব ও হিসাবের শ্রেণি উল্লেখ কর। ৪
গ) সম্পদ বৃদ্ধি ও মালিকানা স্বত্ব বৃদ্ধি ; সম্পদ বৃদ্ধি ও রেভিনিউ বৃদ্ধি ; সম্পদ হ্রাস ও ব্যয় বৃদ্ধি –এই অবস্থার সাথে উপরোক্ত লেনদেনগুলো মিল কর। ৪

৬। মোল্লা কম্পিউটারসের ২০১৮ সালের জুন মাসের লেনদেনসমূহ ছিল নিম্নরূপ-

জুন ৩ রতন কম্পিউটারস থেকে প্রতিটি ৩২,০০০ টাকা দরে ৬টি কম্পিউটার ক্রয়। কারবারি বাট্টা ৬%, চালান নং- ৫০৯ এবং বহন খরচ ১,৫০০ টাকা। শর্ত: ২/১০, নিট ৩০।

” ১২ মাসুদ কম্পিউটারস থেকে প্রতিটি ৩০,০০০ টাকা দরে ৮টি কম্পিউটার নগদে ক্রয়। চালান নং- ৫১১ এবং কারবারি বাট্টা ৫%।

” ২৪ তুহিন কম্পিউটারস থেকে প্রতিটি ৩৫,০০০ টাকা দরে ৬টি কম্পিউটার ক্রয়। চালান নং- ৫১৫, কারবারি বাট্টা ৫% এবং প্যাকিং খরচ ৫০০ টাকা। শর্ত: ৩/১০, নিট ৩০।

ক) জুন মাসে মোল্লা কম্পিউটারসের ক্রয় সংক্রান্ত আনুষঙ্গিক খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ) উপর্যুক্ত লেনদেনের সাহায্যে একটি ক্যাশমেমো প্রস্তুত কর। ৪

গ) উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে মোল্লা কম্পিউটারসের একটি ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

৭। সাগর এন্ড ব্রাদার্সের ২০১৮ সালের মে মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছিল-

মে ৫ রত্না এন্ড ব্রাদার্সের নিকট হতে প্রতি প্যাকেট ১৩০ টাকা দরে ১১০ প্যাকেট কেক মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ফেরত পাওয়া গেল। কারবারি বাট্টা ৫ ১/২%। ক্রেডিট নোট নং- ১৬০।

” ১২ সুমন ট্রেডার্সের নিকট প্রতি কেজি ৬৫ টাকা দরে ৭০ কেজি চিনি নিম্নমানের জন্য ফেরত পাঠানো হলো। কারবারি বাট্টা ৩%। ডেবিট নোট নং- ২০৭।

” ২০ আরিফ এন্ড ব্রাদার্সের নিকট হতে প্রতি কেজি ৩২০ টাকা দরে ২০ কেজি চা ফরমায়েশ অপেক্ষা বেশি সরবরাহ করায় ফেরত পাওয়া গেল। কারবারি বাট্টা ৫%। ক্রেডিট নোট নং- ১৬৫।

” ২৫ মানিক ট্রেডার্সকে প্রতি লিটার ১০০ টাকা দরে ৫০ লিটার সয়াবিন তেল নমুনা মাফিক না হওয়ায় ফেরত পাঠানো হলো। কারবারি বাট্টা ২ ১/২%। ডেবিট নোট নং- ২১০।

ক) ২০ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ক্রেডিট নোট প্রস্তুত কর। ২

খ) উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা সাগর এন্ড ব্রাদার্সের বিক্রয় ফেরত জাবেদা প্রস্তুত কর। ৪

গ) উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা সাগর এন্ড ব্রাদার্সের ক্রয় ফেরত জাবেদা প্রস্তুত কর। ৪

৮। নাহিদ এন্টারপ্রাইজ তার ব্যবসায় প্রতিষ্ঠানে বিস্তারিত হিসাব সংরক্ষণ করে না। ১ জানুয়ারি ২০১৭ তারিখে তার ব্যবসায়ের মোট সম্পদ ও দায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৭,৬০,০০০ টাকা এবং ২,৮৫,০০০ টাকা। উক্ত বছরে প্রতিষ্ঠানটি আরও ৭০,০০০ টাকা ব্যবসায়ে বিনিয়োগ করে এবং ৫৫,০০০ টাকা নগদ উত্তোলন করে।

৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে উক্ত ব্যবসায়ে নিম্নোক্ত সম্পদ ও দায়সমূহ ছিল-

নগদ ১,৬৭,০০০ টাকা; মজুদ পণ্য ৮০,০০০ টাকা ; ব্যাংক ঋণ ৬০,০০০ টাকা; যন্ত্রপাতি ৯০,০০০ টাকা ; বিনিয়োগ ১,৩০,০০০ টাকা এবং পাওনাদার ৪৫,০০০ টাকা।

ক) “নাহিদ এন্টারপ্রাইজ”-এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ) “নাহিদ এন্টারপ্রাইজ” -এর সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ) ২০১৭ সালে “নাহিদ এন্টারপ্রাইজ”-এর লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৯। জনাব পলাশ ২০১৮ সালের ১ জানুয়ারি নগদ ১,৫০,০০০ টাকা, পণ্য-দ্রব্য ৩০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকার ঋণ নিয়ে একটি ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তার লেনদেনসমূহ ছিল নিম্নরূপ-

জানুঃ ৫ বাকিতে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা।

” ৭ বাকিতে অফিসের জন্য একটি আলমারি ক্রয় ২০,০০০ টাকা।

” ১০ পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান ১২,০০০ টাকা।

” ২০ বিজ্ঞাপন ব্যয় ১০,০০০ টাকা।

” ২৫ ৭ তারিখের ক্রয়কৃত আলমারির মূল্য পরিশোধ ১৫,৫০০ টাকা।

” ৩০ পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।

ক) আলমারি ক্রয়ের অপরিশোধিত মূল্যের পরিমাণ নির্ণয় কর। ২

খ) উপর্যুক্ত লেনদেনগুলোর ভিত্তিতে জনাব পলাশের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় কর। ৪

গ) প্রথম চারটি লেনদেন জনাব পলাশের সাধারণ জাবেদায় লিপিবদ্ধ কর। ৪

১০। সবুজ ট্রেডার্সের ২০১৭ সালের এপ্রিল মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছিল-

এপ্রিল ১ সাতক্ষীরা হতে খুলনায় ব্যবসায় স্থানান্তর বাবদ ব্যয় ১৮,০০০ টাকা।

” ১০ নতুন যন্ত্রপাতি ক্রয় ৬৫,০০০ টাকা।

” ১২ পুরাতন কম্পিউটার মেরামত ব্যয় ৩,০০০ টাকা।

” ১৪ নতুন পণ্যের গবেষণা ব্যয় ১৮,০০০ টাকা।

” ২০ নতুন যন্ত্রপাতি ক্রয়ের আমদানি শুল্ক ৩,৫০০ টাকা।

” ২৫ মনিহারি দ্রব্যাদি ক্রয় ৩,০০০ টাকা।

ক) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ) মূলধন জাতীয় ব্যয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ) ১০ তারিখের ক্রীত যন্ত্রপাতি ৮২,০০০ টাকায় বিক্রয় করা হলে, মূলধন জাতীয় প্রাপ্তি এবং মূলধন জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

১১। মেসার্স ঢাকা ট্রেডার্স -এর ২০১৮ সালের মার্চ মাসের কতিপয় লেনদেন ছিল নিম্নরূপ-

মার্চ ২ অফিসের জন্য দুইটি কম্পিউটার ক্রয় ৭০,০০০ টাকা।

” ৯ দেনাদারের নিকট থেকে চেক প্রাপ্তি ৫০,০০০ টাকা।

” ১০ ব্যাংক হতে উত্তোলন ৯০,০০০ টাকা।

” ১৫ বিক্রয় কর্মীর বেতন প্রদান ১২,০০০ টাকা।

” ২০ দোকানের জন্য চেয়ার-টেবিল ক্রয় ১৮,০০০ টাকা।

ক) উপর্যুক্ত তথ্য হতে মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ) মার্চ ২ থেকে মার্চ ১৫ তারিখ পর্যন্ত লেনদেনগুলো হিসাবের শ্রেণি উল্লেখসহ ডেটর ও ক্রেডিটর নির্ণয় কর। ৪

গ) মার্চ ৯ থেকে মার্চ ২০ তারিখ পর্যন্ত লেনদেনগুলো মেসার্স ঢাকা ট্রেডার্সের জাবেদা বইতে লিপিবদ্ধ কর। ৪